

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮৮৫

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ হাজীদের জন্য মুস্তাহাব হলো যখন তারা ফিরে আসার ইচ্ছা করবেন, তখন তারা সেই রাতে মুহাসসাবে রাত্রি যাপন করবেন, যাতে তাদের জন্য প্রশ্নান করা সহজ হয়

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْحَاجِّ إِذَا أَرَادَ الْقُفُولَ أَنْ يَتَحَصَّبَ لِيَلْتَمِذَ لِيَكُونَ أَسْهَلَ لِظُعْنِهِ

আরবী

3885 - أَخْبَرَنَا حَامِدُ بْنُ مُحَمَّدِ بْنِ شُعَيْبٍ قَالَ: حَدَّثَنَا سُرَيْجُ بْنُ يُونُسَ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ: أَنَّ أَسْمَاءَ وَعَائِشَةَ كَانَتَا لَا تُحَصَّبَانِ قَالَتْ عَائِشَةُ: إِنَّمَا نَزَلَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِأَنَّهُ كَانَ أَسْهَلَ لَخُرُوجِهِ.  
الراوي: عُرْوَةُ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 3885 | خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩৮৮৫. উরওয়া (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, “আয়িশা ও আসমা রাহিয়াল্লাহু আনহুমা মুহাসসাবে অবতরণ করতেন না। আয়িশা রাহিয়াল্লাহু আনহা বলেন, “নিশ্চয়ই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এখানে অবস্থান করেছিলেন, কারণ সেটা মক্কা থেকে বের হওয়ার জন্য সহজ ছিল।”[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১৭৬৫; সুনান বাইহাকী: ৫/১৬১; মুসনাদ আহমাদ: ৬/৪১; সহীহ মুসলিম: ১৩১১; আবু দাউদ: ২০০৮; তিরমিযী: ৯২৩; ইবনু মাজাহ: ৩০৬৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৮৮৫)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উরওয়াহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93224>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন